

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 09-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বন্দেমাতরম কোনো গান বা স্তোত্র নয়, বরং নিজেদের কর্তব্যের প্রতি জাগ্রত হওয়ার এক অনুপ্রেরণা।
 - ২) SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আগামীকাল এরাজ্যে আসছেন।
 - ৩) বৃদ্ধাশ্রম ও বিশেষভাবে সক্ষম মানুষদের হোমগুলিতে এনুমারেশন ফর্ম পূরণে বিশেষ উদ্যোগ নিচ্ছে নির্বাচন কমিশন।
 - ৪) চিংড়িঘাটা মেট্রোরেলের বকেয়া কাজ দ্রুত সম্পন্ন করতে রাজ্য সরকারকে তৎপর হতে বলেছে কলকাতা হাইকোর্ট।
 - ৫) খড়গপুর আইআইটি এবং দুর্গাপুর এনআইটি-তে আয়োজিত স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫-এর আজ গ্র্যান্ড ফিনালে।
 - ৬) আবহাওয়া দপ্তর জানিয়েছে, রাজ্যে আগামী এক সপ্তাহ শীতের আমেজ একই রকম থাকবে।
-

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন বন্দেমাতরম কোনো গান বা স্তোত্র নয়, বরং নিজেদের কর্তব্যের প্রতি জাগ্রত হওয়ার জন্য দেশবাসীর কাছে এক অনুপ্রেরণা। লোকসভায় গতকাল বন্দে মাতরম রচনার সার্থ শতবর্ষ উপলক্ষে এক বিশেষ আলোচনার সূত্রপাত করে প্রধানমন্ত্রী বলেন, ঋষি বঙ্কিমচন্দ্রের কলম থেকে রচিত এই স্তোত্র বাংলার প্রতিটি ঘরে পৌঁছে গেছিল এবং সেখান থেকেই তা সাহস জুগিয়েছিল ভারতবর্ষকে।

বাইট মোদী

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আগামীকাল এরাঙ্গ্যে আসছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরহিত্যে কলকাতার Bengal Chamber of Commerce and Industry BCCI-তে আয়োজিত রাজ্যের SIR সংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকে ওই ৫ নবনিযুক্ত স্পেশাল Observer রা যোগ দেবেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ছাড়াও আগামীকালের ওই বৈঠকে এরাঙ্গ্যের জন্য নিযুক্ত স্পেশাল রোল Observer সুব্রত গুপ্ত, রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী দপ্তরের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে যুগ্ম সচিব পদমর্যাদায় কর্মরত ওই ৫ IAS আধিকারিককে নির্বাচন কমিশন এই পদে নিয়োগ করেছে।

মেদিনীপুর, প্রেসিডেন্সি, মালদহ, জলপাইগুড়ি ও বর্ধমান— এই পাঁচটি ডিভিশনে নতুন স্পেশাল রোল অবজারভারদের দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। মেদিনীপুর

ডিভিশনের দায়িত্বে থাকছেন স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্মসচিব নীরজ কুমার বানসোড়। প্রেসিডেন্সি ডিভিশনে প্রতিরক্ষা মন্ত্রকের যুগ্মসচিব কুমার রবি কান্ত সিংহ, মালদহ ডিভিশনে অর্থ মন্ত্রকের যুগ্মসচিব অলোক তিওয়ারি, জলপাইগুড়ি ডিভিশনে গ্রামোন্নয়ন মন্ত্রকের যুগ্মসচিব পঙ্কজ যাদব এবং বর্ধমান ডিভিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের যুগ্মসচিব কৃষ্ণ কুমার নিরালাকে দায়িত্ব দেওয়া হয়েছে।

সংবিধানের ৩২৪(৬) ধারা অনুযায়ী এই পর্যবেক্ষকরা পুরো প্রক্রিয়া চলাকালীন নির্বাচন কমিশনের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে কাজ করবেন। তবে তাঁদের ক্ষমতার সীমাও স্পষ্ট করে দেওয়া হয়েছে।

ইতিমধ্যে কমিশন SIR এর জন্য ১২ জন Electoral Roll Observer এবং একজন Special Roll Observer নিয়োগ করে।

এদিকে, এস আই আর প্রক্রিয়ায় কর্মরত বিএলও-রা তাদের অভিজ্ঞতার কথা ভাগ করে নিয়েছেন আকাশবাণীর সংবাদের সঙ্গে। কোচবিহার থেকে আমাদের জেলা সংবাদদাতা শুভেন্দু ভট্টাচার্যের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – শুভেন্দু ভট্টাচার্য)

ভোটার তালিকায় বিশেষ সংশোধনের ফলে একজনও ভুয়ো ভোটারের নাম থাকবেনা বলে বিজেপি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, অবৈধ ভোটারদের নাম খুঁজে খুঁজে বের করা হবে। যেসব বিএলও ভুয়ো তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে সাহায্য করছেন, নির্বাচন কমিশনের সদৃষ্টি থাকলে তারাও শাস্তির মুখে পড়বেন বলে শ্রী অধিকারী জানান।

বাইট

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় রাজ্যে এপর্যন্ত ৫৬ লক্ষ ৩৭ হাজার ৭৩১ জন ভোটারের এনুমারেশন ফর্ম, আন কালেক্টেবল বা সংগ্রহ যোগ্য নয় বলে চিহ্নিত করা হয়েছে।

যৌন পল্লীর পর এবার বৃদ্ধাশ্রম ও বিশেষভাবে সক্ষম মানুষদের হোমগুলির আবাসিকদের এনুমারেশন ফর্ম পূরণে বিশেষ উদ্যোগ নিচ্ছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন, বৃদ্ধাশ্রমের আবাসিক বা বিশেষভাবে সক্ষম হিসেবে চিহ্নিত ব্যক্তির বাতাল ভোটার তালিকা থেকে বাদ না পড়েন তা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট জেলার ডিইওদের এই কাজ অগ্রাধিকারের ভিত্তিতে সম্পন্ন করার নির্দেশ দিয়েছে সিইও দপ্তর। আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নিজে এবং নির্বাচন কমিশনের অন্যান্য আধিকারিকরা একাধিক বিশেষ শিবিরে উপস্থিত থাকবেন। তার মধ্যে সবচেয়ে তাৎপর্যপূর্ণ ক্যাম্পটি বসতে চলেছে এশিয়ার বৃহত্তম যৌনপল্লি হিসেবে পরিচিত সোনাগাছিতে।

পুরুলিয়ার বান্দোয়ান থানার পুকুরডাবর গ্রামে টাকা নিয়ে নাগরিক পরিচয় পত্র বিলির অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। বিপিন বিহারি বেসরা নামে ওই ব্যক্তি টাকার বিনিময়ে একটি আদিবাসীদের সংগঠনের নামে নকল পরিচয়পত্র বিতরণ করছিলেন। এই পরিচয়পত্র থাকলে ভারত সরকার প্রদত্ত আর কোন পরিচয়পত্রের প্রয়োজন নেই এবং এস আই আর-এর ফর্ম ফিল আপ করারও দরকার নেই বলে দাবী

করা হচ্ছিল। এর ফলে বান্দোয়ান এলাকায় অনেকে এস আই আর-এর ফর্ম ফিল আপ করেননি বলেও খবর। ওই ব্যক্তিকে আজ জেলা আদালতে তোলা হবে।

চিংড়িঘাটা মেট্রোরেলের বকেয়া কাজ সম্পন্ন করতে রাজ্যের তৎপরতার অভাব রয়েছে বলে অসন্তোষ ব্যক্ত করেছে কলকাতা হাইকোর্ট। এব্যাপারে রাজ্য কি পদক্ষেপ করছে আগামী বৃহস্পতিবারের মধ্যে তা জানতে চেয়েছে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ।

রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত আদালতে বলেন, রাস্তা বন্ধ করলে জরুরী পরিষেবায় যাতায়াতের অসুবিধা হবে। এতেই ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ক্ষোভ প্রকাশ করে বলেন, যে সমস্যার কথা বলা হচ্ছে, তা যেকোন সময়েই হতে পারে। সেজন্য এতো গুরুত্বপূর্ণ একটি প্রকল্প আটকে থাকতে পারে না। কিভাবে চিংড়িঘাটায় রাস্তা বন্ধ রেখে বকেয়া কাজ সম্পন্ন করা যাবে তা আগামী শুনানিতেই রাজ্যকে জানাতে হবে বলে নির্দেশ দিয়েছে আদালত।

খড়গপুর আইআইটি এবং দুর্গাপুর এনআইটি-তে আয়োজিত স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫-এ আজ গ্র্যান্ড ফিনালে। দেশে বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত নানা সমস্যার দেশেই সমাধানের লক্ষ্যে একাধিক দলের প্রতিযোগীরা প্রয়াস চালাচ্ছেন। নির্দিষ্ট সময়সমীমার মধ্যে ছাত্রছাত্রীদের চিন্তাভাবনা, উদ্ভাবনী ক্ষমতা এবং সৃজনশীলতার সাহায্যে এই সমস্যার সমাধান করা হয়। সারা দেশব্যাপী হ্যাকাথনের এটি অষ্টম সংস্করণ। প্রতিযোগীদের উদ্ভাবন ইতোমধ্যেই সরকারি বেসরকারি বিভিন্ন ক্ষেত্রে সহায়ক হয়েছে, যা প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত গঠনে দশকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

দুর্গাপুর এনআইটির অধ্যাপক শিবেন্দু শেখর রায় জানিয়েছেন, আজ রাত আটটাট ফল ঘোষণার সময় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি উপস্থিত থাকবেন।

বাইট

পৃথিবীর অন্য দেশের চাইতে ভারতে হিংসার ঘটনা অনেক কম এবং ভারতীয় হিসেবে আমাদের সকলের গর্বিত হওয়া উচিত বলে বিশিষ্ট সাহিত্যিক অমিশ ত্রিপাঠি মত প্রকাশ করেছেন। আসন্ন ১৭ তম কলকাতা সাহিত্য উৎসব উপলক্ষে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, ভারতের প্রাচীন সংস্কৃতি এবং ঐতিহ্য ভারতীয়দের চরিত্র গঠনে সাহায্য করেছে।

(বাইট- অমিশ ত্রিপাঠি)

আলিপুর মিউজিয়ামের অধিকর্তা জয়ন্ত সেনগুপ্ত বৈঠকে বলেন, ভারতের স্বাধীনতা সংগ্রামীদের আত্মত্যাগের ইতিহাস উজ্জ্বল হয়ে আছে যেখানে সেই জায়গায় এই সাহিত্য উৎসব অনুষ্ঠিত হওয়া অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

আগামী বছরের জানুয়ারির ৯ থেকে ১১ তারিখ পর্যন্ত বেসরকারি উদ্যোগে আলিপুর মিউজিয়ামে অনুষ্ঠিত হবে কলকাতা সাহিত্য উৎসব।

রাজ্যে আগামী এক সপ্তাহে শীতের আমেজ একই রকম থাকবে। দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গে রাত্রিকালীন ন্যূনতম তাপমাত্রার বিশেষ হেরফের হবে না এবং কলকাতা ও তার আশপাশের এলাকা এবং উত্তরবঙ্গের জেলা গুলিতে সকালের দিকে কুয়াশার

সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট- হাবিবুর

আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৪ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রীর নিচে। দক্ষিণবঙ্গের বিশেষ করে পশ্চিমে জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত কম থাকছে। উত্তরবঙ্গেও বেশিরভাগ জায়গাতেই ন্যূনতম তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে।
